

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী,  
ঢাকা-১২১২।



ওয়েব: www.brta.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৩.০০০০.০০৪.০৭.০০২.১৮.৪৬

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৭

২৮ জুন ২০২০

বিষয়: করোনা ভাইরাস জনিত উদ্ভূত পরিস্থিতির কারণে সীমিত পরিসরে বিআরটিএর সেবা কার্যক্রম চালু প্রসংগে।

সূত্র: ১। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক

নম্বর-৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪.১৫-৪৬১, তারিখ: ২৮-০৫-২০২০ খ্রিঃ।

২। বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) স্মারক

নম্বর-৩৫.০৩.০০০০.০০৪.০৭.০০২.১৮.৩৬, তারিখ: ৩০-০৫-২০২০ খ্রিঃ।

৩। বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) স্মারক

নম্বর-৩৫.০৩.০০০০.০০৪.০৭.০০২.১৮.৪০, তারিখ: ০৪-০৬-২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী করোনা ভাইরাস (কোভিড-১৯) জনিত উদ্ভূত পরিস্থিতির কারণে স্বাস্থ্য বিধি মেনে বিআরটিএ'র বিভিন্ন মেট্রো/জেলা সার্কেলের (১) সকল পেন্ডিং কাজ অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তি, (২) বিভিন্ন অ্যাকনলেজমেন্ট স্লিপ (যেমনঃ রুট পারমিট সনদ, অস্থায়ী মোটরযান চালনার অনুমতিপত্র, মালিকানা বদলির আবেদন, মোটরযান রেজিস্ট্রেশন সনদ ইত্যাদি) এর মেয়াদ বর্ধিতকরণ, (৩) মোটরযানের ফিটনেস নবায়ন, (৪) ড্রাইভিং লাইসেন্স নবায়নের আবেদনপত্র গ্রহণ, (৫) রুট পারমিট নবায়নের আবেদনপত্র গ্রহণ কার্যক্রম গত ৩১ মে ২০২০ থেকে চালু করা হয়েছে। এছাড়া, শুধুমাত্র অনলাইন (বিআরটিএ সার্ভিস পোর্টাল (বিএসপি): <https://bsp.brta.gov.bd/>) এর মাধ্যমে মোটরযান রেজিস্ট্রেশনের আবেদন গ্রহণ কার্যক্রম গত ০৭ জুন ২০২০ থেকে চালু করা হয়েছে।

০২। বর্ণিত সেবা সমূহের পাশাপাশি (১) লার্নার ড্রাইভিং লাইসেন্স শুধুমাত্র অনলাইন (বিআরটিএ সার্ভিস পোর্টাল (বিএসপি): <https://bsp.brta.gov.bd/>) এর মাধ্যমে ইস্যু, (২) পেশাদার ড্রাইভিং লাইসেন্স নবায়নের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি মেনে শুধুমাত্র করোনা ভাইরাস জনিত উদ্ভূত পরিস্থিতি কালীন বিআরটিএ'র সহকারী পরিচালক (ইঞ্জিঃ)/মোটরযান পরিদর্শক কর্তৃক দিনে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) থেকে ৫০ (পঞ্চাশ) জন পেশাদার চালকের ০৩ (তিন) ঘন্টা রিফ্রেশার প্রশিক্ষণ প্রদান ও ঐ দিনেই তাদের পরীক্ষা গ্রহণ, (৩) মোটরযানের নাম্বারপ্লেট সংযোজন কার্যক্রম আগামি ০১ জুলাই ২০২০ থেকে চালু হবে।

০৩। উল্লেখ্য, বিআরটিএ'র অন্যান্য সেবা কার্যক্রম (যেমনঃ ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ড কর্তৃক পরীক্ষা গ্রহণ, ড্রাইভিং লাইসেন্সের আবেদনকারীদের বায়োমেট্রিক গ্রহণ, মোটরযান মালিকের বায়োমেট্রিক গ্রহণ, ম্যানুয়াল/অফলাইন পদ্ধতিতে মোটরযান রেজিস্ট্রেশন আবেদন গ্রহণ ইত্যাদি) পর্যায়ক্রমে চালু করা হবে।

২৮-৬-২০২০

নূর মোহাম্মদ মজুমদার  
চেয়ারম্যান

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

ফোন: ০২-৫৫০৪০৭১১

- ১) উপপরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ, বিভাগীয়  
অফিসের কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/  
সিলেট/ বরিশাল/ রংপুর।
- ২) সহকারী পরিচালক(ইঞ্জিঃ),  
বিআরটিএ..... সার্কেল,  
.....(সকল)।

স্মারক নম্বর: ৩৫.০৩.০০০০.০০৪.০৭.০০২.১৮.৪৬/১(২০)

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৭  
২৮ জুন ২০২০

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী লিঃ, বাড়ি #৪১ রোড#৭, ঢাকা  
ক্যান্টনমেন্ট, ঢাকা
- ২) পরিচালক(প্রশাসন/এনফোর্সমেন্ট/ইঞ্জিনিয়ারিং/রোড সেফটি/প্রশিক্ষণ/অপারেশন)/সচিব,  
বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।
- ৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (মাননীয়  
মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৪) জেলা প্রশাসক .....,  
(সকল জেলা)।
- ৫) পুলিশ সুপার .....,  
(সকল জেলা)।
- ৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব  
মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) ব্যবস্থাপনা পরিচালক, কম্পিউটার নেটওয়ার্ক সিস্টেম লিঃ(সিএনএস), হাউজ-১০৯৮,  
রোড-৬/ডি, মিরপুর ডিওএইচএস, ঢাকা।
- ৮) চেয়ারম্যান ও সিইও, টাইগার আইটি বাংলাদেশ লিঃ, বাড়ি # ২১, রোড # ২৮, ব্লক # কে,  
বনানী, ঢাকা-১২১৩।
- ৯) সভাপতি/মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, পরিবহন ভবন, ১১৭, কাজী  
নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
- ১০) চেয়ারম্যান/জেনারেল সেক্রেটারি, বাংলাদেশ বাস-ট্রাক ওনার্স এসোসিয়েশন, হাজী আহসান  
উল্লাহ কমপ্লেক্স, ২৫৭/ক, বাগবাড়ি, দারুসসালাম, মিরপুর রোড, ঢাকা-১২১৬।
- ১১) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রাক-কাভার্ড ভ্যান মালিক সমিতি, তেজগাঁও, ঢাকা।
- ১২) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক  
এভিনিউ, ঢাকা।
- ১৩) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর শাখা, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ  
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৪) চেয়ারম্যানের একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ,  
(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৮-৬-২০২০

মোঃ লোকমান হোসেন মল্লা  
পরিচালক (ইঞ্জিনিয়ারিং)